



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
 আইসিটি সেল
 নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
 www.naem.gov.bd



৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
 তারিখ: ২২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৮.২৬৬৩.৮০১.২৫.০০২.১৮.২

বিষয়: ৪০তম 'ট্রেনিং অন আইসিটি' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কলেজ পর্যায়ের প্রভাষক মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ মাঘ থেকে ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গ/ ১১ ফেব্রুয়ারি থেকে ০৩ মার্চ ২০২৫ খ্রি. পর্যন্ত কলেজ পর্যায়ের প্রভাষকগণের জন্য আয়োজিত ৪০তম 'ট্রেনিং অন আইসিটি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তার আওতাধীন বিভিন্ন জেলার **প্রভাষক পদ মর্যাদার (আইসিটি পদধারী ব্যতিত সংশ্লিষ্ট শিক্ষক)**-কে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ২৯/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিয়ন্ত্রণকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ, পূর্বে মনোনয়ন দেয়া হয়েছে এমন কলেজ থেকে শিক্ষক মনোনয়ন দেয়া থাবে না এবং মনোনয়নের জন্য শিক্ষক প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিয়োজিত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ১১/০২/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নায়েমে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোল্টেল চার্জ পরিশোধ করে এবং আসন শুন্য থাকা সাপেক্ষে নায়েম হোল্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।

২. বেসরকারি কলেজ শিক্ষকের ক্ষেত্রে চাকরিকাল ন্যূনতম ০২(দুই) বছর ও ইনডেক্সধারী (MPO) এবং সরকারি কলেজ শিক্ষকগণকে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তকারী হতে হবে।

৩. যিনি বিগত ০৩(তিনি) বছর সময়কালের মধ্যে নায়েম পরিচালিত যে কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করছেন, তিনি উক্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না এবং ইতোঃপূর্বে নায়েম-এ আইসিটি/ডিজিটাল কনটেন্ট কোর্স সম্পন্ন করেছেন, তিনিও উক্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।

৪. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৫(পাঁচ) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর>অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগাদান করবেন এবং রেজিস্ট্রেশনকৃত ফর্মের প্রিন্ট কপি সংগে নিয়ে আসবেন।

৫. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে চাইলে এ কে এম শাহ আলম, কোর্স সমন্বয়ক মোবাইল- ০১৮১৬৬০৬৩৪৩/০১৫৫২৩২৪৩৭৯-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।

৬. প্রতিষ্ঠানের শ্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ডিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য (যদি থাকে) অনুরোধ করা হলো।

৭. সরকারি বিষি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচ) সংকুলানের জন্য জনপ্রতি আনুমানিক ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ নিজ প্রয়োজনমত অন্যান্য অনুষঙ্গিক হাতখরচ সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতার বিল এ অফিসে পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, হিসাব সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।

৮. মনোনীত শিক্ষকগণকে পাসপোর্ট সাইজের এক কপি ছবি, অন-লাইনে সম্পাদিত রেজিস্ট্রেশন ফর্ম, কোর্সে অংশগ্রহনের সম্মতিপত্র, এমপিও শীট, মাস্ক, ব্যাংক একাউন্ট ফর্ম এবং ১০ টাকা মূল্যমানের ০১টি রেভিনিউ স্টাম্প সঙ্গে আনতে হবে।

৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ/বা-ইউ/৫২৮০ তাঁ ১০-০১-১৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮.

১০. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ/বা-ইউ/৫২৮০ তাঁ ১০-০১-১৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাংকশিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিষি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২-০১-২০২৫

ড. শাহ মোঃ আমির আলী

পরিচালক

০২-৫৫১৬৭৪০৮ (ফোন)

* ০৯ (৩৩) ৩০-প্রশিক্ষণসভা

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অংগন।

চাকমা কুমিল্লা বিল্ডিং/মেমুনি বাস্পুর

৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৮.২৬৬৩.৮০১.২৫.০০২.১৮.২/১ (১০)

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তর ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৪। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৬। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৮। হোটেল সুপারিনেন্টেন্ডেন্ট, মুক্তিযোদ্ধা/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা।
- ৯। ডকুমেন্টেশন অফিসার, তথ্যায়ন শাখা, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা।।



২২-০১-২০২৫

এ কে এম শাহ আলম

প্রোগ্রামার